

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৯৪/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ২৫ জানুয়ারি, বৃহস্পতিবার ২০২৪, ১১ মাঘ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। চলমান প্রকল্প দ্রুত শেষ করে নতুন প্রকল্প গ্রহণের নির্দেশ প্রধানমন্ত্রীর
- ০২। কুমিল্লা, ময়মনসিংহ সিটিসহ ২৩৩ নির্বাচনের তফসিল ঘোষণা
- ০৩। দলীয় প্রতীক না থাকলে স্থানীয় সরকার নির্বাচন অংশগ্রহণমূলক হবে- ইসি
- ০৪। শীতাতর্দদের সহায়তায় ময়মনসিংহে আরো কম্বল বিতরণ

০১। চলমান প্রকল্প দ্রুত শেষ করে নতুন প্রকল্প গ্রহণের নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে চলমান উন্নয়ন প্রকল্পগুলো যত দ্রুত সম্ভব শেষ করতে এবং যথাযথ যাচাই বাছাই করে নতুন পরিকল্পনা গ্রহণের নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, আমাদের চলমান প্রকল্পগুলো দ্রুত শেষ করতে হবে, যেগুলোর জন্য খরচ কম হবে। কারণ, আমি মনে করি যত তাড়াতাড়ি আমরা সেগুলো শেষ করতে পারবো, তত বেশি সুবিধা পাবো। বুধবার (২৪ জানুয়ারি) সকালে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের (এনইসি) সম্মেলনকক্ষে পরিকল্পনা কমিশনের সভায় সভাপতিত্বকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন।
সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০২। কুমিল্লা, ময়মনসিংহ সিটিসহ ২৩৩ নির্বাচনের তফসিল ঘোষণা

কুমিল্লা সিটি কর্পোরেশনের উপনির্বাচন ও ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সাধারণ নির্বাচন এবং বিভিন্ন পৌরসভাসহ মোট ২৩৩টি নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। আগামী ৯ মার্চ এসব নির্বাচন অনুষ্ঠিত হবে। বুধবার (২৪ জানুয়ারি) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সংবাদ সম্মেলনে এ তফসিল ঘোষণা করেন কমিশন সচিব মোঃ জাহাংগীর আলম। এরমধ্যে সিটি কর্পোরেশন নির্বাচন ০১টি, সিটি কর্পোরেশনের শূন্য পদে ০৪টি, পৌরসভার সাধারণ পদে ০৩টি, পৌরসভার শূন্যপদে উপনির্বাচন ১৫টি, ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ১৩টি এবং ১৯০টি বিভিন্ন শূন্যপদে উপ-নির্বাচন, জেলা পরিষদের শূন্যপদে নির্বাচন ৭টি- সব মিলিয়ে ২৩৩টি নির্বাচন অনুষ্ঠিত হবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০৩। দলীয় প্রতীক না থাকলে স্থানীয় সরকার নির্বাচন অংশগ্রহণমূলক হবে- ইসি

স্থানীয় সরকারের সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের সাধারণ ও বিভিন্ন শূন্যপদে উপনির্বাচনের পূর্ণাঙ্গ তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। এসব নির্বাচনে দলীয় প্রতীক না থাকলে নির্বাচন আরো বেশি অংশগ্রহণমূলক হবে বলে মনে করছে ইসি। বুধবার (২৪ জানুয়ারি) রাজধানীর আগারগাঁও নির্বাচন ভবনে সংবাদ সম্মেলনে ইসি সচিব জাহাংগীর আলম এ তথ্য জানান। তিনি বলেন, স্থানীয় সরকারের নির্বাচনে সত্যিকার অর্থে সবাই অংশগ্রহণ করে। প্রতীক না থাকলে আরও বেশি পার্টিসিপেটরি হবে বলে আমি ব্যক্তিগতভাবে মনে করি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

০৪। শীতাত্তদের সহায়তায় ময়মনসিংহে আরো কঞ্চল বিতরণ

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্যোগে বুধবার (২৪ জানুয়ারি) নগরীর পালপাড়া, নিউ টাউন ও বিহারী ক্যাম্পে ০৪ হাজার অসহায় শীতাত্ত মানুষের মাঝে কঞ্চল বিতরণ করা হয়েছে। এর আগে গত ২০ জানুয়ারি সাড়ে ০৩ হাজার মানুষকে কঞ্চল বিতরণ করেন সিটি মেয়র মো. ইকরামুল হক টিটু। বিতরণকালে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক নিউ টাইমস:** বিজ্ঞানীরা জানিয়েছেন, তাপমাত্রা বাড়ার কারণে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, অপ্রত্যাশিত বন্যা এবং তীব্র বৈরী আবহাওয়ার কারণে বাংলাদেশের সুপেয় পানিতে আর্সেনিকের মাত্রা বিপদজনক পর্যায়ে পৌঁছে যাবে। এর ফলে ইতিমধ্যেই ঝুঁকিতে থাকা দেশের জনস্বাস্থ্য সমস্যা আরো জোরালো হবে। আর্সেনিকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনসচেতনতা বাড়াতে হবে। দেশে ভূগর্ভস্থ প্রাণীর ব্যবহার কমিয়ে ভূ-উপরিস্থ পানির ব্যবহার বাড়াতে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নে গুরুত্ব দিতে হবে।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** সড়ক দুর্ঘটনা ও দুর্ঘটনায় মৃত্যু থেমে নেই। যেসব কারণে সড়ক দুর্ঘটনা ঘটছে তা বিবেচনায় রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ জরুরি। কেন সড়ক নিরাপদ হচ্ছে না, কেন বাড়ছে লাশের সংখ্যা, এই বিষয়গুলোকে সামনে রেখে উদ্যোগ গ্রহণের কোনো বিকল্প নেই। একের পর এক ভয়াবহ দুর্ঘটনা কেন ঘটছে তা আমলে নিতে হবে এবং দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে দোষীদের সনাক্ত করে শাস্তিও নিশ্চিত করতে হবে।
- (গ) **দৈনিক স্বদেশ সংবাদ:** দেশে বেশ কিছুদিন ধরেই গ্যাসের তীব্র সংকট দেখা দিয়েছে। প্রতিবছরই শীত মৌসুমে দেশে গ্যাসের সংকট দেখা দেয়। এবারের সংকটের ফলে শিল্প উৎপাদনে ধ্বস নেমেছে। গ্যাস সংকট নিরসনে দেশীয় উৎপাদন বৃদ্ধিতে জোর দেয়ার পাশাপাশি এলএনজি আমদানির পরিমাণও প্রয়োজনমত বাড়তে হবে। সর্বোপরি, জ্বালানিখাতে স্মার্ট ব্যবস্থাপনা করে তুলতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। শিশু নির্যাতন: এর শেষ কোথায়, কিভাবে? - মোঃ ওমর ফারুক দেওয়ান (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০২। সুন্দরবনের জীববৈচিত্র্য বাঁচাতে হবে- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক স্বজন)
- ০৩। মধ্যপ্রাচ্য উত্তেজনা অর্থনীতিতে কতটা প্রভাব ফেলবে- ড. এস এম জাহাজীর আলম (দৈনিক নিউ টাইমস)

#